



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও  
আপনার প্রতিষ্ঠানের  
ই-মেইল ওপেন করুন।

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর  
ওয়েবসাইট (www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৭.৩৯

তারিখ : ১৬-০৫-২০১৭ খ্রিঃ

### ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জানুয়ারী-ফেব্রুয়ারী ২০১৭ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের পরীক্ষার ১৪-০৫-২০১৭ তারিখ প্রকাশিত ফলাফলে অনুত্তীর্ণ/রেফার্ডপ্রাপ্ত কোন পরীক্ষার্থী কোন উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) অনলাইনে নির্ধারিত লিংকে (উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল) আগামী ২৮-০৫-২০১৭ইং তারিখে মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের তালিকা অনলাইন হতে প্রিন্ট-আউট গ্রহণ করে ২৯-০৫-২০১৭ তারিখের মধ্যে পুনঃনিরীক্ষণ ফি বাবদ (প্রতি ছাত্র বিষয়প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট করবে (ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, আগারগাঁও, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে)। গৃহীত প্রিন্ট আউট মোতাবেক নিম্নরূপ ছক অনুসারে একটি তালিকা প্রস্তুত করে উক্ত তালিকা, প্রিন্ট আউট কপি ও ফরোয়ার্ডিংসহ আগামী ৩১-০৫-২০১৭ তারিখে মধ্যে প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে কোন ছাত্র-ছাত্রী বোর্ডে প্রেরণ করা যাবে না।

ক্রমিক নং	ছাত্র-ছাত্রীর নাম	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর ও সেশন	বিষয় কোড	টাকার পরিমাণ (প্রতি বিষয় ৩০০ টাকা হারে)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

বিঃদ্রঃ- অনলাইনে আবেদন করার সময় সোনালী ব্যাংকের ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম এন্ট্রি করতে হবে। এ ক্ষেত্রে এক বা একাধিক ডিডি গ্রহণযোগ্য হবে।

স্বাক্ষরিত/-  
(প্রকৌশলী সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোন-০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৭.৩৯(৭)

তারিখ : ১৬-০৫-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- অধ্যক্ষ, .....
- সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ অনলাইনে আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- প্রোগ্রামার (ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- নথি।

১৬/০৫/২০১৭  
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোন : ৯১১৮৭৭৬